গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
ঘাটাইল, টাংগাইল।
usso.ghatail@dss.gov.bd

স্মারকনং: ৪১.০১.৯৩২৮.০০০.১৬.০৮১.২৬. ২৯৭

তারিখঃ ০১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৬খ্রি:

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা পুন:নির্ধারণ সংক্রান্ত।

সূত্রঃ সমাজসেবা অধিদপ্তরের স্মারক নং: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৭৩৬ তারিখ: ১৫ আগস্ট ২০২৬।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণের বিষয়ে অধিদপ্তরের স্মারক নং- ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৬৮৩ তারিখ ৩০ জুলাই ২০২৬ খ্রিঃ মূলে ০১-১৫ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছিল যা সূত্রোক্ত স্মারকে পরিবর্তন করে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে এবং অন্যান্য নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

আবেদনের লিংক: dss.bhata.gov.bd/online-application

প্রচার, আবেদন গ্রহণ, যাচাই-বাছাই সংক্রান্ত নির্দেশাবলী নিম্নরূপ:

ক. আবেদনকারীগণ নিজ নিজ স্থায়ী ঠিকানায় আবেদন করবেন;
খ. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে;
গ. আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল হিসাব নম্বর প্রদান করতে হবে;
ঘ. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে এ সুবিধার জন্য বিবেচিত হবেন না;
ঙ. পূর্বে অনলাইন আবেদন করে থাকলে (অপেক্ষমান তালিকায় যদি থাকে) পুনরায় আবেদন করার প্রয়োজন নেই;
চ. বিদ্যমান নীতিমালা অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক কার্যক্রম বাস্তবায়ন করতে হবে;
ছ. বাস্তবায়ন নীতিমালার আলোকে চূড়ান্ত তালিকা অনুমোদন সম্পন্ন করা হবে এবং ভাতা প্রদান করা হবে।
জ. চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৬খ্রি: তারিখ হতে ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, আপনার পৌরসভা/ইউনিয়নে আগ্রহী ভাতা প্রত্যাশীগণকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্ব ব্যাপক প্রচার প্রচারনার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। সমাজসেবা অধিদপ্তরের পত্র ০১ (এক) খানা

১৬/৮/২৬
মোঃ জসিম উদ্দিন
উপজেলা সমাজসেবা অফিসার
ঘাটাইল, টাংগাইল

চেয়ারম্যান/প্রশাসক (সকল)
...........................
পৌরসভা/ইউনিয়ন পরিষদ, ঘাটাইল, টাংগাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, টাংগাইল-০৩ (ঘাটাইল)।
০২। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখ), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা।
০৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাংগাইল।
০৫। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, ঘাটাইল, টাংগাইল।
০৬। জনাব,.............................ভাতা বাস্তবায়ন বিষয়ক ইউনিয়ন ও উপজেলা কমিটি।
০৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd



স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০০৬২.২৪. ৭৬৮

তারিখ: ৩১ শ্রাবণ ১৪৩৩ / ১৫ আগস্ট ২০২৬

বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: ১। সমাজসেবা অধিদপ্তরের স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৬৮৩, তারিখ: ৩০ জুলাই ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ অর্থবছরে সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম (হিজড়া, বেদে, অনগ্রসর ও চা-শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তি) বাস্তবায়নের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণের জন্য ০১ হতে ১৫ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত সময়সীমা নির্ধারণ করা হয়েছিল।

২। মাঠপর্যায়ের কর্মকর্তা ও আবেদনকারীদের নিকট থেকে জানা যায় যে, সফটওয়্যার, ইন্টারনেট ও বিদ্যুৎ এর সমস্যার কারণে এখনও অনেকে অনলাইনে আবেদন করতে পারেননি। তৎপরিপ্রেক্ষিতে অনলাইনে আবেদন গ্রহণের সময়সীমা ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

৩। পূর্বের অনলাইন আবেদন গ্রহণে এতদসংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী/শর্তাবলী বলবৎ থাকবে। অনলাইন আবেদন এর লিংক: dss.bhata.gov.bd/online-application

এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট অফিসসমূহকে উপরোক্ত বিষয়ে অবহিত করণসহ অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মো: মোশাররফ হোসেন)
পরিচালক (সামাজিক নিরাপত্তা)
☎০২-৪৪৮২৬৮০১
✉ dir.ss@dss.gov.bd

পরিচালক
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. জেলা প্রশাসক (সকল)........................।
৬. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল).........................।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...................।
৮. উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয় (সকল)................।
৯. সমাজসেবা অফিসার, তেজগাঁও সার্কেল কার্যালয়, ঢাকা।
১০. সমাজসেবা অফিসার, শহর সমাজসেবা কার্যালয় (সকল)..................।
১১. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (তাকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
১২. অফিস কপি।

CamScanner